

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৭

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৪৮. (গণীমাতের মাল) আত্মসাত করা সম্পর্কে কঠোর হুঁশিয়ারী

بَابِ مَا جَاءَ فِي الْغُلُولِ مِنْ الشِّدَّةِ

## আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ حَدَّثَنِي أَبُو زُمَيْلٍ حَدَّثَنِي ابْنُ عَبَّاسٍ حَدَّثَنِي عُمَرُ بْنُ الْخَطَّابِ قَالَ قُتِلَ نَفَرٌ يَوْمَ خَيْبَرَ فَقَالُوا فُلَانٌ شَهِيدٌ حَتَّى ذَكَرُوا رَجُلًا فَقَالُوا فُلَانٌ شَهِيدٌ حَتَّى ذَكَرُوا رَجُلًا فَقَالُوا فُلَانٌ شَهِيدٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَلَّا إِنِي رَأَيْتُهُ فِي النَّارِ فِي عَبَاءَةٍ أَوْ فُلَانٌ شَهِيدٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَلَّا إِنِي رَأَيْتُهُ فِي النَّارِ فِي عَبَاءَةٍ أَوْ فِي بُرْدَةٍ غَلَّهَا قَالَ لِي يَا ابْنَ الْخَطَّابِ قُمْ فَنَادِ فِي النَّاسِ أَنَّهُ لَا يَدْخُلُ الْجَنَّةَ إِلَّا الْمُؤْمِنُونَ فَقُمْتُ فَنَادَيْتُ فِي النَّاسِ أَنَّهُ لَا يَدْخُلُ الْجَنَّةَ إِلَّا الْمُؤْمِنُونَ فَقُمْتُ فَنَادَيْتُ فِي النَّاسِ

## বাংলা

২৫২৭. উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, খায়বারের যুদ্ধে একটি দল নিহত হলে লোকেরা বলতে লাগলো, অমুক ব্যক্তি শহীদ হয়েছে। এভাবে তারা এক ব্যক্তির নাম উল্লেখ করে বললো, অমুক ব্যক্তি শহীদ হয়েছে। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, না, কখনো নয়। আমি তাকে (গনীমতের মাল থেকে) একটি আবা (এক ধরণের পোষাক) আত্মসাৎ করার কারণে আগুনে জ্বলতে দেখেছি।" তিনি বললেন, হে ইবনু খাত্তাব, দাঁড়াও এবং লোকদের মাঝে ঘোষণা দাও যে, জান্নাতে মু'মিন ছাড়া আর কেউ প্রবেশ করবে না।"ফলে আমি দাঁড়িয়ে লোকদের মাঝে তা ঘোষণা করতে লাগলাম।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: মুসলিম, ঈমান ১১৪। এছাড়াও, আবী আওয়ানাহ ১/৪৮।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৮৪৯, ৪৮৫৭ তে। ((তিরমিয়ী, সিয়ার ১৫৭৪; বাইহাকী, ৯/১০১। - আরনাউত্বের তাহকীক ইবনু হিব্বান, নং ৪৮৪৯ এর টীকা হতে। অনুবাদক)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন